

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শৃঙ্খলা শাখা
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২১.১৯-৭৪

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৬
০৫ মার্চ ২০২০

বিষয়ঃ বেগম রেবেকা খাতুন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোড়েলগঞ্জ, বাগেরহাট-এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ।


সূত্র: ৫৯.১১.০০০০.১৫৩.২৭.২১০.১৭-৭২০, তারিখ: ১৭/১২/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেগম রেবেকা খাতুন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোড়েলগঞ্জ, বাগেরহাট এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি ৩ (খ) মোতাবেক 'অসদাচরণ (Miscoduct)' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে গত ০৬/০৫/২০১৯ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২১.১৮-৪০ সংখ্যক স্মারকের মাধ্যমে ১ম কারণ দর্শানো নোটিশ অভিযুক্তের নিকট প্রেরণ করা হয়। অভিযুক্ত গত ২৩/০৫/২০১৯ খ্রি: তারিখে ১ম কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৬/০৭/২০১৯ খ্রি: তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানি শেষে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিধি মোতাবেক তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযোগের সত্যতা পান।

তদন্ত প্রতিবেদনে দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগকারীর প্রাপ্য টাকা অভিযোগকারীর ব্যাংক হিসাবে জমা প্রদান করেছেন (সংযোজনী-১) এবং অভিযোগকারী তার প্রাপ্য সমুদয় অর্থ বুঝে পেয়েছেন (সংযোজনী-২)। উল্লেখ্য যে, গত ০৩/০৩/২০১৯ খ্রি: তারিখে অভিযুক্তের PRL এ যাবার তারিখ নির্ধারিত ছিল। কিন্তু PRL আবেদন পরিবার পরিকল্পনা অধিদপ্তরে পেন্ডিং আছে এবং PRL শেষে আগামী ০৩/০৩/২০২০ খ্রি: তারিখে তার পূর্ণ অবসরে যাওয়ার কথা।

এমতাবস্থায়, সার্বিক বিবেচনায় বেগম রেবেকা খাতুন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোড়েলগঞ্জ, বাগেরহাট- এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলাটি নথিভুক্ত করা হয়েছে মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


০৫/০৬/২০২০
(উম্মে কুলসুম)
উপসচিব

Email: disc1@mefwd.gov.bd

মহাপরিচালক,
পরিবার পরিকল্পনা অধিদপ্তর,
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, দুর্নীতি দমন কমিশন, ১ সেগুন বাগিচা, ঢাকা-১০০০
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
- ৩। বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা), খুলনা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বাগেরহাট।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (চিঠিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। সহকারী পরিচালক (পার্সোনেল-২), পরিবার পরিকল্পনা অধিদপ্তর ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ৮। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বাগেরহাট।
- ১০। বেগম রেবেকা খাতুন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ১১। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।